৭ নভেম্বর জাতীয় সংহতি দিবস উপলক্ষে মেহেরপুরে বিএনপির আলোচনা সভা

৭ নভেম্বর জাতীয় সংহতি দিবস উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (৩ নভেম্বর) রাতে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

সদর উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক ফয়েজ মোহাম্মদের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা বিএনপির সভাপতি ও জেলা পরিষদের প্রশাসক আলহাজ্ব জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, আলমগীর খান ছাতু ও হাফিজুর রহমান হাপি।

পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনার সঞ্চালনায় সভায় আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ বিশ্বাস, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমল হোসেন মোল্লা মিন্টু এবং জেলা জাসাসের সদস্যসচিব এ বাকা বিল্লাহসহ বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

সভায় ৭ নভেম্বর জাতীয় সংহতি দিবসের তাৎপর্য তুলে ধরা হয় এবং দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের বিষয়ে আলোচনা করা হয়।